

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.১৭.০১১.১৭. ৪৪৯

তারিখ: ০১ ভাদ্র ১৪২৮
১৬ আগস্ট ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

“শোকের আধারে দ্বীপ ছেলে যাই, পিতা তোমার ছায়ায়”

বিষয়: জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে অদ্য ১৬ আগস্ট ২০২১ তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে (ভার্চুয়ালি) উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি।

উক্ত অনুষ্ঠানে মাননীয় অর্থমন্ত্রী ও সম্মানিত প্রধান অতিথি জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি বলেন যে, ‘আগস্ট মাস বাঙালি জাতির শোকের মাস, বাঙালীর হৃদয়ে রক্ত ঝরণের মাস। অনুভূতি, উপলক্ষি ও মননশীলতার আশ্চর্য যন্ত্রণা বয়ে যাওয়ার মাস। ১৫ আগস্ট বঙ্গবন্ধুর রক্ত আর আকাশের অশ্রুর প্লাবনে একাকার হয়ে গিয়েছিল’। তিনি আরো বলেন, বাংলাদেশের স্বাধীনতার স্থপতি, জাতির জনক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঋণজন্মা মহাপুরুষ এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। এ কাল রাতে ইতিহাসের বর্বরতম হত্যাকাণ্ডে নিহত হন বঙ্গবন্ধু, বঙ্গমাতা এবং তাদের সন্তান শেখ রাসেল, শেষ কামাল, শেখ জামালসহ বঙ্গবন্ধুর সহকর্মী, সংবাদিক এবং পরিবারের অন্য সদস্যগণ। তিনি মহান রাক্বুল আল-আমিনের কাছে বঙ্গবন্ধু এবং তাঁর পরিবারের নিহত সকল সদস্যের বেহেশত নবিস করার জন্য দোয়া করেন।

তিনি আরো বলেন, এ হত্যাকাণ্ডে বাংলাদেশসহ সমগ্র বিশ্বে নেমে আসে তীব্র শোকের ছায়া, হতবাক হয়ে যায় সারা বিশ্ব। বঙ্গবন্ধুকে হত্যার পর সারা বিশ্বে এ হত্যাকাণ্ড নিয়ে নানাবিধ আলোচনা চলতে থাকে। পশ্চিম জার্মানীর নোবেল বিজ্ঞী নেতা উইলি ব্রানডিট বলেন, মুজিবকে হত্যার পর বাঙালিদের আর বিশ্বাস করা যায় না। যেবাঙালি শেখ মুজিবকে হত্যা করতে পারে তারা যেকোন জঘন্য কাজ করতে পারে। ওই সময়ে টাইমস অব লন্ডন লিখেছিল, বাঙালি জাতি বঙ্গবন্ধুকে সবসময়ই স্মরণ করবে, কারণ তাঁকে ছাড়া বাংলাদেশের কোন অস্তিত্ব নেই।

তিনি আরো বলেন, যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের ভয়াবহ অবস্থা আপনারা তুলে ধরেছেন। এক কথায় বলা যায়, বঙ্গবন্ধুকে হত্যা করা নয়, বাংলাদেশকে শেষ করার নীতি অবলম্বন করে পাকিস্তান বাংলাদেশকে ভয়ংকর অবস্থার মধ্যে ফেলে দেয়। স্বাধীনতার পর বাংলাদেশ ব্যাংকের হিসেব মতে- সারাদেশের মানুষের হাতে সেসময় মাত্র ৪ কোটি টাকা ছিল, কোন বৈদেশিকি মুদ্রার মজুদ ছিল না। মাত্র দশ হাজারের মত নথি নিয়ে শুরু হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয়ের কার্যক্রম। বঙ্গবন্ধু যেদিন টেলিফোনে কথা বলেন, সেদিন ঢাকার সাথে মাত্র তিনটি জেলার টেলিফোন সংযোগ সচল ছিল। পাকিস্তান সেনাবাহিনীর নির্দেশে আলবদর বাহিনীর সদস্যরা রাষ্ট্রীয় ব্যাংকের সকল টাকা ১৬ই ডিসেম্বর সকালে রাস্তায় নিয়ে এসে আগুন ধরিয়ে দেয়।


জাতির পিতার আজীবনের স্বপ্ন ছিল বাঙালির জন্য দু'ধরণের মুক্তিঃ একটি ভৌগোলিক মুক্তি, অন্যটি অর্থনৈতিক মুক্তি। আজ আমরা ভৌগোলিক মুক্তি পেয়েছি, কিন্তু অর্থনৈতিক মুক্তি তিনি সম্পন্ন করতে পারেননি, কেননা তাকে আমরা সে সুযোগ দেইনি। তিনি চেয়েছিলেন মানুষ মানুষে ভেদাভেদ থাকবে না, সকল মানুষের সমান অধিকার থাকবে আর তা বাস্তবায়নে তিনি কার্যক্রম শুরু করেন। তাঁর অসমাপ্ত কাজ সমাপ্ত করা এবং আন্তরিকভাবে এ কাজে নিবেদিত হওয়ার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। আধুনিক বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে সযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য আহবান জানান মাননীয় অর্থমন্ত্রী।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম এবং বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশনের সম্মানিত প্রেসিডেন্ট শেখ কবির হোসেন।

আরো উপস্থিত ছিলেন সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন এর চেয়ারম্যান মহোদয়গণ, সকল বীমা কোম্পানির চেয়ারম্যানগণ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং উপসচিবগণ। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্যগণ, সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশন এর ব্যবস্থাপনা পরিচালক, কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক, পরিচালক, বাংলাদেশ ইস্যুরেন্স একাডেমির পরিচালক, বাংলাদেশ ইস্যুরেন্স ফোরামের প্রেসিডেন্ট, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তাগণ, বিভিন্ন এজেন্ট ট্রেনিং একাডেমির প্রধানগণ এবং বাংলাদেশ ইস্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশনের সভাপতি ও নির্বাহী সদস্যগণ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তাগণ।

**নিম্নোক্ত ফেসবুক লিংকে (বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর অফিসিয়াল ফেসবুক পেজ IDRA BD) শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিল এর পুরো ভিডিওটি দেখা যাবে:

<https://fb.watch/7pYYaVAzuo/>


২৬/০৮/২০২০
(মোঃ শাহ আলম)
পরিচালক (গবেষণা ও উন্নয়ন)

প্রেস বিজ্ঞপ্তিটি সদয় প্রকাশ/প্রচারের বিনীত অনুরোধসহঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সম্পাদক/বার্তা সম্পাদক: জাতীয় দৈনিক সংবাদপত্র (সকল);
- ২। বার্তা সম্পাদক/হেড অব নিউজ: সকল টেলিভিশন চ্যানেল।

অনুলিপি (সদয় অবগতির জন্য):-

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ২। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৩। অফিস কপি।